তুমি যত ভার দিয়েছ সে ভার    করিয়া দিয়েছ সোজা।
আমি যত ভার জমিয়ে তুলেছি    সকলই হয়েছে বোঝা।
এ বোঝা আমার নামাও বন্ধু, নামাও—
ভারের বেগেতে চলেছি কোথায়,    এ যাত্রা তুমি থামাও ॥
আপনি যে দুখ ডেকে আনি সে-যে জ্বালায় বজ্রানলে—
অঙ্গার ক'রে রেখে যায়, সেথা    কোনো ফল নাহি ফলে।
তুমি যাহা দাও সে-যে দুঃখের দান
শ্রাবণধারায় বেদনার রসে    সার্থক করে প্রাণ ॥
যেখানে যা-কিছু পেয়েছি কেবলই    সকলই করেছি জমা—
যে দেখে সে আজ মাগে-যে হিসাব,    কেহ নাহি করে ক্ষমা
এ বোঝা আমার নামাও বন্ধু, নামাও—
ভারের বেগেতে ঠেলিয়া চলেছি,    এ যাত্রা মোর থামাও ॥

---

Parjaay: Puja, Taal: Ektaal, Style: Baul Sur

Visit www.geetabitan.com for notation and other detail